

Official Spokesperson's response to a media query on Pakistan's official remarks in response to the media report on seizure of suspected material (uranium) in Bokaro last week

June 10, 2021

গত সপ্তাহে বোকারো থেকে সন্দেহজনক পদার্থ (ইউরেনিয়াম) বাজেয়াপ্ত করার সংবাদ প্রতিবেদনের প্রতিক্রিয়ায় পাকিস্তানের সরকারি মন্তব্যের উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া।

জুন 10,2021

গত সপ্তাহে বোকারো থেকে সন্দেহজনক পদার্থ (ইউরেনিয়াম) বাজেয়াপ্ত করার সংবাদ প্রতিবেদনের প্রতিক্রিয়ায় পাকিস্তানের সরকারি মন্তব্যের উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের প্রতিক্রিয়ায় সরকারি মুখপাত্র বলেনঃ

" ভারত সরকারের পারমাণবিক শক্তি, গবেষণাগারে যথাযথ মূল্যায়ন এবং বিশ্লেষণের পরে জানিয়েছে যে, গত সপ্তাহে বাজেয়াপ্ত করা ধাতু ইউরেনিয়াম কিংবা তেজস্ক্রিয় পদার্থের কোনওটিই নয়। একটি সংবাদ মাধ্যমের প্রতিবেদনকে উল্লেখ করে ভারতের সম্পর্কে পাকিস্তানের বিদেশমন্ত্রীর ভিত্তিহীন মন্তব্য, কোনও রকমের সত্যতা যাচাই না করেই ভারতের সম্পর্কে কুৎসা রটনা করার প্রবণতাকে প্রদর্শন করে।

আমি পুনরায় দুটতার সাথে এও নিশ্চিত করতে চাই যে, আন্তর্জাতিকভাবে নিয়ন্ত্রিত বস্তুগুলির জন্য ভারত একটি কঠোর আইনভিত্তিক নিয়ন্ত্রক ব্যবস্থাকে বজায় রেখে চলে। যার প্রতিফলন আন্তর্জাতিক গোষ্ঠী দ্বারা স্বীকৃত আমাদের নিখুঁত পারমাণবিক নিরস্ত্রিকরণ শংসাপত্রে হয়েছে।"

নিউ দিল্লি

জুন 10,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

